

ববি ছাত্রদলে স্থান পেল ১০ ছাত্রলীগ নেতাকর্মী

বরিশাল ব্যুরো

০৬ মে ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

বরিশাল বিশ্ববিদ্যালয় (ববি) ছাত্রদলের নতুন কমিটিতে ছাত্রলীগ সংশ্লিষ্ট অন্তত ১০ থেকে ১৫ জনকে সহসভাপতি ও যুগ্ম-সাধারণ সম্পাদকসহ গুরুত্বপূর্ণ পদে রাখা হয়েছে- এমন অভিযোগ ঘিরে সংগঠনের ভেতরেই তীব্র ক্ষোভ ও বিতর্কের সৃষ্টি হয়েছে। পদবঞ্চিত মহানগর ছাত্রদলের নেতাকর্মীরা গত সোমবার সন্ধ্যায় বরিশাল নগরীর আমতলার মোড়ে ঢাকা-বরিশাল মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন। প্রায় এক ঘণ্টার অবরোধে যান চলাচল বন্ধ হয়ে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। গত শুক্রবার কেন্দ্রীয় ছাত্রদলের সভাপতি মো. রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির স্বাক্ষরিত ১২৭ সদস্যের এই কমিটি অনুমোদন দেওয়া হয়। কমিটি প্রকাশের পরই ত্যাগী নেতাকর্মীদের বাদ দিয়ে ছাত্রলীগ ঘনিষ্ঠদের পুনর্বাসন করা হয়েছে বলে অভিযোগ ওঠে। খোঁজ নিয়ে জানা গেছে, কমিটিতে অন্তত ১৫-২০ জনের ছাত্রলীগ সংশ্লিষ্টতার

তথ্য ও ছবি-ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। এতে ক্ষুব্ধ হয়ে ফেসবুকেও প্রতিক্রিয়া জানান অনেক নেতা। পদবঞ্চিত নেতারা অভিযোগ করেন, দুঃসময়ে আন্দোলন-সংগ্রামে সক্রিয় থাকা সত্ত্বেও তাদের বাদ দেওয়া হয়েছে। তারা নতুন কমিটি পুনর্বিবেচনা ও ত্যাগীদের অন্তর্ভুক্তির দাবি জানান।

পরে বিএনপি ও যুবদল নেতাদের আশ্বাসে অবরোধ তুলে নেওয়া হয়। বিষয়টি নিয়ে ছাত্রদলের অভ্যন্তরে নতুন করে অস্থিরতা দেখা দিয়েছে।